

২০১০

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায়-৩

পাঠমালা-১

Course No. BL—2301

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রঙ্গমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

- ১। বাংলা উপন্যাসের ধারায় সতীনাথ ভাদুড়ীর গুরুত্ব ও দান সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা কর। ৮

অথবা

সমকালের প্রেক্ষিতে বাংলা কথাসাহিত্যে নরেন্দ্র মিত্রকে কিছুটা স্বতন্ত্র মনে হয় কি?—সংক্ষেপে আলোচনা করো।

- ২। “বারুণীর নীরে যার সূত্রপাত, বারুণীর উদ্যানে যার পুষ্টি, বারুণী তীরে ঘটল তার অবসান”—মন্তব্যটি ব্যাখ্যা কর। ৮

অথবা

‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিচার করো।

- ৩। সত্যচরণ কথকমাত্র আসলে নায়িকা অরণ্য প্রকৃতি — ‘আরণ্যক’ উপন্যাস
অবলম্বনে মন্তব্যটির যথার্থ্য বিচার করো।

৮

অথবা

‘আরণ্যক’ উপন্যাসের নির্মাণশৈলী সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

- ৪। উপন্যাসের প্লট গঠনে ‘পুতুল নাচের ইতিকথা’র দশম এবং একাদশ অধ্যায়ের
অপরিহার্যতা কতদূর তা আলোচনা করো

৮

অথবা

“শশী তিরিশের উপনিবেশের মধ্যবিস্তৃত জীবনের নিহত উচ্চাকাঙ্ক্ষার
প্রতিভূ”—‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে শশী সম্বন্ধে সমালোচকের এই
মন্তব্যের যথার্থতা বিচার করো।

- ৫। ‘নারী ও নাগিনী’ গল্পে জৈব-জীবনাশক্তির স্বরূপ উন্মোচনে লেখকের
কৃতিত্বের মূল্যায়ন করো।

৮

অথবা

ছেটিগল্প হিসেবে পয়োমুখম্ গল্পটির সার্থকতা বিচার করো।

—